দৈনিক সংবাদ

তারিখ ... 6 MAY 1987 ... ...
পৃষ্ঠা... ... ...১ কলাম...১... ...

১৩ই বৈশাখ, ১৩৯৪

১৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# বি,এ পরীক্ষার ফল প্রকাশিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বিএ (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফলাফল গতকাল বুধবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৪১ দশমিক ৫৯ (পাস) এবং ৬৯ দশমিক ৭ (সাব

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## বি,এ পরীক্ষার ফল

(১ম পাতার পর)

সিডিয়ারী)।

বিএ পাস পরীক্ষায় অংশ নেন মোট ২৮ হাজার ১শ' ৮৯ জন। এর মধ্যে ৯ জন প্রথম বিভাগ, ৪ হাজার ২শ'১৭ জন দ্বিতীয় বিভাগ, ৪ হাজার ৭৫০ জন তৃতীয় বিভাগ এবং ৫ জন পাস ডিগ্রী পেয়েছেন। পাসের হার রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজে সর্বোচ্চ ৮৭ দশমিক ০ এবং সর্বনিম্ন বাকেরগঞ্জ কলেজে ৪ দশমিক ৫। এবার কোন কলেজেরই পাসের হার শূন্য নয়। লালমাটিয়া মহিলা কলেজ থেকে প্রথম বিভাগ পেয়েছেন সর্বোচ্চ ৩ জন।

সবচেয়ে বেশী পরীক্ষার্থী (১ হাজার ২শ'৮৮ জন) অংশ নেন সরকারী জগন্নাথ কলেজ থেকে। এখানে পাসের হার ৩৩ দশমিক ১। পরীক্ষার্থী সংখ্যা বেশীর দিক দিয়ে মফস্বলের উল্লেখযোগ্য কলেজগুলোর মধ্যে রয়েছে ধনবাড়ী কলেজ (৮৯১) গোপালপুর কলেজ (৭৮৮), ঘাটাইল ব্রাহ্মণশাসন গণমহাবিদ্যালয় (৭৩২) ইত্যাদি। এসব কলেজে পাসের হার ৬৬ থেকে ৭০ শতাংশের মধ্যে।

সাবসিডিয়ারী পরীক্ষায় ২ হাজার ৮শ'৬২ জন অংশ নেন। উত্তীর্ণ হয়েছেন ১ হাজার ৯শ'৯৫ জন। গতকাল একই সাথে ১৯৮৬ সালের বি মিউজিক এবং জগন্নাথ কলেজের বিএ সার্টিফিকেট পরীক্ষার ফলাফলও প্রকাশিত হয়েছে।